

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১২, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে অগ্রহায়ণ ১৪০৬ বাং/চই ডিসেম্বর ১৯৯৯ইং

এস আর ও নং ৩৫৮-আইন/৯৯—The Armed Police Battalions Ordinance, 1979 (Ord. No. XXV of 1979) এর section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আর্মড পুলিশ ব্যাটালিয়ন বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালায়—

১। বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"১০। বদলী।— (১) মহাপুলিশ পরিদর্শক বা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বাহিনীর কোন সদস্যকে পুলিশের অন্য কোন বিভাগে বদলী করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত সদস্যদের ক্ষেত্রে তাহাদের পদের বিপরীতে নিম্নে উল্লিখিত চাকুরীর মেয়াদ পূর্ণ না হইলে বদলী করা যাইবে না, যথাঃ—

| পদের নাম | চাকুরীর মেয়াদ |
|------------------|----------------|
| প্রাচীন অধিনায়ক | ২০ বৎসর |
| সেকশন অধিনায়ক | ১৮ বৎসর |
| নায়ক | ১৬ বৎসর |
| আর্মড পুলিশম্যান | ১৪ বৎসর : |

(৬৬৮৭)

মূল্য : টাকা ২.০০

আরও শর্ত থাকে যে, মহাপুলিশ পরিদর্শকের মতে বিশেষ প্রয়োজন না হইলে, বাহিনীর কোন পদের বদলীযোগ্য জনবলের ৩০% ভাগের অধিক সদস্যকে কোন এক বৎসরে বদলী করা যাইবে না।

(২) বাহিনীতে বদলীকৃত কোন সদস্যকে বাহিনী হইতে, বদলীর ক্ষেত্রে উপবিধি(১) এর বিধানাবলী প্রযোজ্য হইবে না।

(৩) মহাপুলিশ পরিদর্শক যে কোন ব্যাটালিয়ন বা কোম্পানী প্রাটিনকে দেশের অভ্যন্তরে যে কোন স্থানে স্থানান্তরিত কিংবা অন্য কোন ব্যাটালিয়ন বা কোম্পানী প্রাটিনের সহিত সাময়িকভাবে সংযুক্ত করিতে পারিবেন।

২। তফসিলের কলাম ১ এর ক্রমিক নং ৫, ৬, ৭ ও ৮ এবং উহাদের বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | | |
|---|------------------|---|--|
| ৫ | প্রাটিন অধিনায়ক | পুলিশের আর্মড এস আই এর বদলীর মাধ্যমে অথবা সেকশন অধিনায়কের পদোন্নতির মাধ্যমে। | বদলীর ক্ষেত্রে পুলিশের আর্মড এস আই পদে অনধিক ৫(পাঁচ) বৎসরের চাকুরী। পদোন্নতির ক্ষেত্রে সেকশন অধিনায়ক পদে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৬ | সেকশন অধিনায়ক | পুলিশের হেড কনষ্টেবলদের মধ্য হইতে বদলীর মাধ্যমে অথবা নায়কগণের পদোন্নতির মাধ্যমে। | বদলীর ক্ষেত্রে পুলিশের হেড কনষ্টেবল পদে অনধিক ৩(তিন) বৎসরের চাকুরী। পদোন্নতির ক্ষেত্রে নায়ক পদে ৪(চার) বৎসরের চাকুরী। |
| ৭ | নায়ক | পুলিশের নায়কগণের মধ্য হইতে বদলীর মাধ্যমে অথবা আর্মড পুলিশম্যান হইতে পদোন্নতির মাধ্যমে। | বদলীর ক্ষেত্রে পুলিশের নায়ক পদে অনধিক ১(এক) বৎসরের চাকুরী। পদোন্নতির ক্ষেত্রে আর্মড পুলিশম্যান পদে ৪(চার) বৎসরের চাকুরী। |

৮ আর্মড পুলিশম্যান সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা পুলিশ কনস্টেবল এর বদলীর মাধ্যমে।

বদলীর ক্ষেত্রে

পুলিশের কনস্টেবল পদে অনধিক ৫(পাঁচ) বৎসরের চাকুরী।

সরাসরি নিয়োগের ক্ষেত্রে

(ক) ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।

(খ) উচ্চতা ন্যূনতম ৫'-৬" (১.৬৭৬৪ মিঃ) সস্ত্রসামরিক বৃকের মাপ ৩৩" (৮০৮২ মিঃ) ও ওজন উচ্চতা অনুসারে।

রাষ্ট্রেপতির আদেশক্রমে,

সফিউর রহমান

সচিব।